সিনিয়র সিস্টেম এনালিস্ট
সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার
প্রোগ্রামার
সহকারী প্রোগ্রামার
স:মে:ই-১/স:মে:ই-২
নথি
ডাইরি নং
তারিখঃ 02/10/2019

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও অধীনস্থ দপ্তর/সংস্থার NIS কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর প্রথম প্রান্তিক (জুলাই-সেপ্টেম্বর, ২০১৯) এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার <u>কার্যবিবরণী:</u>

সভাপতি	:	মোঃ নজরুল ইসলাম সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ	:	২৬ সেপ্টেম্বর, ২০১৯
সময়	:	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	:	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, নির্ধারিত সূচী মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর প্রথম প্রান্তিক (জুলাই-সেপ্টেম্বর, ২০১৮) এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত নৈতিকতা কমিটির এ সভার আয়োজন করা হয়েছে। অতঃপর সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের NIS সহযোগী কর্মকর্তা ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির প্রথম ত্রৈমাসিক প্রতিবেদন পর্যায়ক্রমে Power Point এর মাধ্যমে উপস্থাপন করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, এ বিভাগের প্রথম প্রান্তিকের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনাভূক্ত নৈতিকতা কমিটির সভা, নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, বিভিন্ন কার্যক্রম পরিবীক্ষণ, প্রশিক্ষণ কার্যক্রমসহ সকল কার্যক্রমের বাস্তবায়ন শতভাগ অর্জিত হয়েছে।

০২। সভায় গত ৩০/০৬/২০১৯ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতিও উপস্থাপন করা হয়। সভায় ২০১৯-২০ অর্থবছরের জন্য জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে তার উপর বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। এ বিভাগ এবং অধীনস্ত দপ্তর/সংস্থার প্রতিনিধিদের মতামতের ভিত্তিতে কর্ম-পরিকল্পনার কতিপয় বিষয়ে সংশোধনি আনায়ন করে যাতে লক্ষ্যমাত্রা অর্জন করা যায়। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৩.১ ক্রমিকের বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা '৯২ (সংশোধন) ভেটিংয়ের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিভাগে প্রেরণ এর পরিবর্তে 'বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন আইন ২০১৯' সংসদে প্রেরণ নির্ধারণ করার বিষয়ে আলোচনা হয়, এছাড়া ৯.৫ ক্রমিকের মহাসড়কে অবস্থিত টোল প্লাজায় ইলেক্ট্রোনিক টোল কালেকশন (ETC) সিস্টেম চালু এর লক্ষ্যমাত্রা বাস্তব অবস্থা বিবেচনায় ৫টির স্থলে ২টি করা যায় মর্মে আলোচনা হয়। ১১.১ ক্রমিকের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ এর লক্ষ্যমাত্রা পরিবর্তন করে ১৫ লক্ষ নির্ধারণ করা হয় ও ২য় প্রান্তিকে ৫০০০০০ এর পরিবর্তে ৩০০০০০, ৩য় প্রান্তিকে ৮০০০০০ এর পরিবর্তে ৪০০০০০ এবং ৪র্থ প্রান্তিকে ৪০০০০০ এর পরিবর্তে ৫০০০০০ নির্ধারণের বিষয়ে সভাপতি মত প্রকাশ করেন।

০৩। সভায় পর্যায়ক্রমে এ বিভাগের অধীনস্ত সংস্থাসমূহের NIS প্রথম প্রান্তিকের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করা হয়। ডিটিসিএ'র সকল কার্যক্রমের শতভাগ অর্জন করায় ধন্যবাদ জানানো হয়।

০৪। বিআরটিএ'র ৫.১, ৫.২, ৫.৩, ৭.১, ৮.২, ৮.৩ ক্রমিকের লক্ষ্যমাত্রা আগামী রবিবার ২৯/০৯/২০১৯ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন এছাড়া ১১.১ ক্রমিকের প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ায় এ বিষয়ে আলোচনান্তে লক্ষ্যমাত্রাসমূহ পূণরায় ২য় প্রান্তিকে ৩.০০ লক্ষ, ৩য় প্রান্তিকে ৩.০০ লক্ষ এবং ৪র্থ প্রান্তিকে ৮.০০ লক্ষ টাকা নির্ধারণ করে সভাপতি বিভাজন করার নির্দেশনা প্রদান করেন। ১২.২ এবং ১২.৩ ক্রমিকের লক্ষ্যমাত্রাসমূহ বাস্তবসম্মতভাবে নির্ধারণ করার পরামর্শ প্রদান করা হয়।

০৫। বিআরটিসি'র ১০.২ ক্রমিকের ২০১৮-১৯ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ এর লক্ষ্যমাত্রা ৪র্থ প্রান্তিকের পরিবর্তে ১ম প্রান্তিকে নির্ধারণ করার বিষয়ে সভায় পরামর্শ প্রদান করা হয়।

০৬। ডিএমটিসিএল'র ৬.২ ক্রমিকের এডিপি বাস্তবায়ন অগ্রগতি এর লক্ষ্যমাত্রাসমূহ ১ম প্রান্তিকে ১৫% এর পরিবর্তে ৭%, ২য় প্রান্তিকে ২০% এর পরিবর্তে ২৫%, ৩য় প্রান্তিকে ২৫% এর পরিবর্তে ৩৩%, এবং ৪র্থ ৪০% এর পরিবর্তে ৩৫% করার বিষয়ে আলোচনা হয়। ৮.২ ক্রমিকের শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিস পরিদর্শন এর লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে অর্জন সম্পন্ন করা এবং ৮.৩ ক্রমিকের শাখা/অধিশাখা এবং অধীনস্ত অফিস পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন করার পরামর্শ প্রদান করা হয়। ১২.২ ক্রমিকের লক্ষ্যমাত্রাসমূহ ১ম প্রান্তিকে ৭/১০/১৯ এর পরিবর্তে ৭/৭/১৯, ২য় প্রান্তিকে ৭/১/২০ এর পরিবর্তে ৭/১০/১৯, ৩য় প্রান্তিকে ৭/৪/২০ এর পরিবর্তে ৭/১/২০ এবং ৪র্থ প্রান্তিকে ৭/৭/২০ এর পরিবর্তে ৭/৪/২০ হবে মর্মে আলোচনা হয়।

০৭। সড়ক ও জনপথ অধিদপ্তরের ৪.১, ৪.২, ৪.৪, ৫.১, ৫.২, ৬.৪, ১০.২ ক্রমিকের অর্জনের ঘর পূরণ না করার বিষয়ে সভা অসন্তোষ প্রকাশ করে। ভবিষ্যতে আরো সতর্ক হয়ে প্রতিবেদন তৈরী করার বিষয়ে মত প্রকাশ করা হয়।

০৮। সভাপতি অধীনস্ত দপ্তর/সংস্থাসমূহের NIS কার্যক্রমের সকল বিষয়ে সকলকে সতর্ক হয়ে প্রান্তিকভিত্তিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করার বিষয়ে গুরুত্বারোপ করেন।

০৯। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

সিদ্ধান্ত : (১)

ক্রম	সংস্থার নাম	NIS কর্ম-পরিকল্পনাভূক্ত কার্যক্রমের ক্রম ও নাম এবং গৃহীতব্য সিদ্ধান্ত
১	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	৩.১ ক্রমিকের বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা ৯২ (সংশোধন) ভেটিংয়ের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিভাগে প্রেরণ এর পরিবর্তে বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন আইন ২০১৯ সংসদে প্রেরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। ৯.৫ ক্রমিকের মহাসড়কে অবস্থিত টোল প্লাজায় ইলেক্ট্রোনিক টোল কালেকশন (ETC) সিস্টেম চালু এর লক্ষ্যমাত্রা ৫টির স্থলে ২টি হবে। ১১.১ ক্রমিকের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ এর লক্ষ্যমাত্রা পরিবর্তন করে ১৫ লক্ষ নির্ধারণ করা হয় ও ২য় প্রান্তিকে ৫ লক্ষ এর পরিবর্তে ৩ লক্ষ ৩য় প্রান্তিকে ৮ লক্ষ এর পরিবর্তে ৪ লক্ষ এবং ৪র্থ প্রান্তিকে ৪ লক্ষ এর পরিবর্তে ৫ লক্ষ নির্ধারণ করা হয়।
২	বিআরটিএ	৫.১, ৫.২, ৫.৩, ৭.১, ৮.২, ৮.৩ ক্রমিকের লক্ষ্যমাত্রা আগামী ২৯/০৯/২০১৯ তারিখের মধ্যে অর্জন সম্পন্ন করতে হবে। ১১.১ ক্রমিকের প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ায় লক্ষ্যমাত্রাসমূহ পূণরায় ২য় প্রান্তিকে ৩.০০ লক্ষ, ৩য় প্রান্তিকে ৩.০০ লক্ষ এবং ৪র্থ প্রান্তিকে ৮.০০ লক্ষ টাকা নির্ধারণ করা হয়। ১২.২ এবং ১২.৩ ক্রমিকের লক্ষ্যমাত্রাসমূহ ১ম প্রান্তিকে ১৫/০৭/২০১৯, ২য় প্রান্তিকে ১৫/১০/২০১৯, ৩য় প্রান্তিকে ১৫/০১/২০২০ এবং ৪র্থ প্রান্তিকে ১৫/০৪/২০২০ তারিখ হবে। ১২.৩ ক্রমিকের লক্ষ্যমাত্রাসমূহ ১ম প্রান্তিকে ২০/০৭/২০১৯, ২য় প্রান্তিকে ২০/১০/২০১৯, ৩য় প্রান্তিকে ২০/০১/২০২০ এবং ৪র্থ প্রান্তিকে ২০/০৪/২০২০ তারিখ হবে।
৩	বিআরটিসি	১০.২ ক্রমিকের ২০১৮-১৯ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ এর লক্ষ্যমাত্রা ৪র্থ প্রান্তিকের পরিবর্তে ১ম প্রান্তিকে নির্ধারিত হবে।
৪	ডিএমটিসিএল	৬.২ ক্রমিকের এডিপি বাস্তবায়ন অগ্রগতি এর লক্ষ্যমাত্রাসমূহ ১ম প্রান্তিকে ১৫% এর পরিবর্তে ৭%, ২য় প্রান্তিকে ২০% এর পরিবর্তে ২৫%, ৩য় প্রান্তিকে ২৫% এর পরিবর্তে ৩৩%, এবং ৪র্থ ৪০% এর পরিবর্তে ৩৫% নির্ধারিত হবে। ৮.২ ক্রমিকের শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিস পরিদর্শন এর লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে অর্জন সম্পন্ন করতে হবে। ৮.৩ ক্রমিকের শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিস পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন সম্পন্ন করতে হবে। ১২.২ ক্রমিকের লক্ষ্যমাত্রাসমূহ ১ম প্রান্তিকে ৭/১০/১৯ এর পরিবর্তে ৭/৭/১৯, ২য় প্রান্তিকে ৭/১/২০ এর পরিবর্তে ৭/১০/১৯, ৩য় প্রান্তিকে ৭/৪/২০ এর পরিবর্তে ৭/১/২০ এবং ৪র্থ প্রান্তিকে ৭/৭/২০ এর পরিবর্তে ৭/৪/২০ তারিখ হবে।
৫	সওজ	৪.১, ৪.২, ৪.৪, ৫.১, ৫.২, ৬.৪, ১০.২ ক্রমিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জনের ঘর পূরণ করতে হবে। ১২.২ ক্রমিকের লক্ষ্যমাত্রাসমূহ ১ম প্রান্তিকে ১৫/০৭/২০১৯, ২য় প্রান্তিকে ১৫/১০/২০১৯, ৩য় প্রান্তিকে ১৫/০১/২০২০ এবং ৪র্থ প্রান্তিকে ১৫/০৪/২০২০ তারিখ হবে।

(২) NIS কর্ম-পরিকল্পনাভূক্ত সকল কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক প্রত্যেক প্রান্তিকে প্রতিবেদনের সাথে প্রেরণ করতে হবে এবং অধীনস্ত দপ্তর/সংস্থাসমূহের NIS কার্যক্রমের সকল বিষয়ে সকলকে সতর্ক হয়ে প্রান্তিকভিত্তিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে।

(৩) অধীনস্ত দপ্তর/সংস্থা তাদের NIS অগ্রগতি প্রতিবেদন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণের পূর্বে NIS ফোকাল পয়েন্ট কর্মকর্তা সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে পর্যালোচনা ও যাচাইপূর্বক প্রেরণ করবে।

(৪) আগামী ২য় প্রান্তিক শেষ হওয়ার ১৫ দিন পূর্বে অর্থাৎ ১৫ ডিসেম্বর, ২০১৯ বা এর নিকটবর্তী সময়ে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হবে। এছাড়া প্রতি প্রান্তিক শেষ হওয়ার ১৫দিন পূর্বে নৈতিকতা কমিটির সভা করতে হবে।

(৫) নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠানের পূর্বে NIS ফোকাল পয়েন্ট কর্মকর্তা অধীনস্ত দপ্তর/সংস্থার NIS ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও ডেক্স কর্মকর্তাদের নিয়ে NIS কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা করতে হবে।

(৬) নৈতিকতা কমিটির সিদ্ধান্তের আলোকে ২০১৯-২০২০ অর্থবছরের NIS কর্ম-পরিকল্পনা প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন করতে হবে এবং অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

১০। আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
৩০/০৯/১৯
(মোঃ নজরুল ইসলাম)
সচিব

স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.০৬.০১১.১৯-৫২১

তারিখ : ১৭ আশ্বিন, ১৪২৬ / ০২ অক্টোবর, ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৩। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
০৪। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা
০৬। অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৭। প্রকল্প পরিচালক, ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬), প্রবাসী কল্যাণ ভবন, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা
০৮। যুগ্মসচিব (সকল)/যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৯। উপসচিব (বাজেট/অডিট/সওজ গেজেটেড সংস্থাপন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

০১। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)
০৪। অফিস কপি/মাস্টার কপি।

০২/১০/১৯

দীপঙ্কর মন্ডল
উপসচিব
ফোন : ৯৫১৪০৭৫
E-mail: dsmaintenance@rthd.gov.bd